The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 927 | 19 June 2026 | শুক্রবার ০৫ আষাঢ় ১৪৩২



Donald Trump's Approval Rating Hits All-Time Low

→ Page 18

Jaya Ahsan's 'Ardhangini' sequel to release in West Bengal this July

→ Page 19





UN Human Rights Chief Welcomes US-Iran

→ Page 18

Zohran Mamdani Pushes to Reshape NY Politics in Midterm

→ Page 19





# বিশ্বকাপে অঘটন ঘটতেই থাকবে

## মতিউর রহমান চৌধুরী



*প্রখ্যাত সাংবাদিক ও দৈনিক মানবজমিন সম্পাদক বিশ্বকাপ ফুটবল উদ্বোধনী থেকেই কাভার করছেন মাঠ থেকে। নিউইয়র্কের পাঠকনন্দিত সাপ্তাহিক **আজকাল**-এর জন্য বিশ্বকাপের নানা অঘটন নিয়ে এবার তাঁর বিশেষ লেখাটি প্রকাশিত হলো। তিনি প্রতি সপ্তাহেই বিশ্বকাপ ২০২৬ নিয়ে আজকাল-এর পাঠকদের জন্য লিখছেন। চোখ রাখুন **আজকাল**-এর পাতায়।*

ইরানের খেলোয়াড়রা যুক্তরাষ্ট্রের মাটিতে নিউজিল্যান্ডের বিরুদ্ধে খেলার সময় ঐতিহাসিক যুক্তরাষ্ট্র-ইরান যুদ্ধ অবসানে চুক্তি স্বাক্ষর প্রস্তুতি নিচ্ছিলেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। খেলা শেষ হলে আধা ঘন্টার মধ্যে ইরানী খেলোয়াড়দের যুক্তরাষ্ট্র ছেড়ে যাবার নোটিশ দিয়ে দেয় ট্রাম্প প্রশাসন। খেলোয়াড়রা কান্নায় ভেঙ্গে পড়েন। বিশ্বকাপের এমন দৃশ্য নেট দুনিয়ায় মুহূর্তে ছড়িয়ে পড়লে দর্শকরা ভারাক্রান্ত হয়ে যান। এবারের বিশ্বকাপে মেসির হ্যাট্রিক ছিল বেশ আলোচিত। এমন বহু অঘটন ঘটছে।

এবার কে হবেন বিশ্ব চ্যাম্পিয়ন? এই নিয়ে এখনই বেশ আলোচনা শুরু হয়েছে। ফুটবল পন্ডিতরা বলছেন, এই প্রশ্নের চটজলদি কোন জবাব নেই। অঘটনের পর অঘটন ঘটতেই থাকবে। মাঝখান থেকে আলোচনায় নেই এমন কোন শক্তি নাটকীয় ভাবে সামনে এসে যেতে পারে। ফুটবলে এমনটা অস্বাভাবিক নয়।

এরপর ২৯ পৃষ্ঠায়

# আমার দেখা ওয়ার্ল্ড কাপ

দারা আবু জোবায়ের



১৯৯০ সাল থেকে টানা দশ বছর বিশ্বকাপ ম্যাচ মাঠে থেকে দেখেছেন বাংলাদেশের এক সময়ের আলোচিত ফুটবলার, কানাডা ও আমেরিকান প্রবাসী বাংলাদেশি কমিউনিটির পরিচিত মুখ দারা আবু জোবায়ের। সেই অভিজ্ঞতা থেকে এবারে ত্রিদেশীয় যুক্তরাষ্ট্র-কানাডা-মেক্সিকো বিশ্বকাপ নিয়ে লিখছেন আজকালে।

আমি ঢাকা প্রথম বিভাগের ফুটবলার ছিলাম, বিআরটিসি ও চট্টগ্রাম আবাহনীতে খেলেছি। অনুর্ধ ১৮ বাংলাদেশ দলেও খেলেছি। কিন্তু

এরপর ২৪ পৃষ্ঠায়

# নিউইয়র্কবাসীরা পাচ্ছেন ৬০০ ডলারের ট্যাক্স রিলিফ



আজকাল রিপোর্ট

অর্থনৈতিক চাপে থাকা নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দাদের জন্য সুখবর রয়েছে।আগামী কয়েক মাসের মধ্যে ৩০ লাখ বাসিন্দা ট্যাক্স ক্রেডিট/রিলিফ চেক পেতে যাচ্ছেন। গভর্নর ক্যাথি হোকুল মঙ্গলবার জানিয়েছেন, বাড়ির মালিক এবং কো-অপ ও কন্ডোর মালিকদের স্কুল-সংক্রান্ত করের বোঝা কিছুটা লাঘব করতে এই চেকগুলো প্রদান করা

এরপর ২৪ পৃষ্ঠায়

# পিপিএল'র বিরুদ্ধে লাখো ডলার আত্মসাতের মামলা

মনোয়ারুল ইসলাম



হোম কেয়ার সেবা (সিডিপ্যাপ) দেবার একক প্রতিষ্ঠান পিপিএল'র এর বিরুদ্ধে লাখ লাখ ডলার জালিয়াতির অভিযোগ এনে মামলা হয়েছে। বুধবার ১৬ জুন জাস্টিস ডিপার্টমেন্টের পাবলিক এফেয়ার্সের এক জরুরী প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য প্রকাশ করা হয়। বিচার বিভাগের ঘোষণায় বলা হয়, নিউ ইয়র্কের 'কনজিউমার ডিরেক্টেড পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রাম (সিডিপ্যাপ)-যা ২০২৫ সাল থেকে জর্জিয়ার আলফারেটা-ভিত্তিক কোম্পানি 'পাবলিক পার্টনারশিপস এলএলসি' (পিপিএল) পরিচালনা করছে। এতে জালিয়াতির অভিযোগে একটি মামলা দায়ের হয়েছে। মামলাটি নিউ ইয়র্কের ইস্টার্ন ডিস্ট্রিক্টের ইউ.এস. ডিস্ট্রিক্ট কোর্টে দায়ের করা হয় এবং এতে বিবাদী করা হয়েছে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ, নিউ ইয়র্ক স্টেট মেডিকেইড ডিরেক্টর আমির বাসিরি এবং পাবলিক পার্টনারশিপস এলএলসিকে (পিপিএল)। বিচার বিভাগের 'ন্যাশনাল ফ্রড এনফোর্সমেন্ট ডিভিশন'-

এরপর ৪৩ পৃষ্ঠায়



# নাটকীয়তায় যুক্তরাষ্ট্র-ইরান সমঝোতা চুক্তি স্বাক্ষর

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সমঝোতা স্মারকটি স্বাক্ষরিত হয়ে যাওয়ায় সুইজারল্যান্ডের

এরপর ২৪ পৃষ্ঠায়

# মেয়রের পদ থেকে মামদানিকে অপসারণের ষড়যন্ত্র

আজকাল রিপোর্ট



নিউইয়র্ক সিটির মেয়র জোহরান মামদানিকে হোমল্যান্ড সিকিউরিটি সেক্রেটারি মার্কওয়াইনে মুলিন প্রকাশ্যে নিউইয়র্কবাসীর উদ্দেশে 'বোধোদয়' হওয়ার আহ্বান জানিয়ে ভবিষ্যতে মেয়র মামদানিকে ক্ষমতা থেকে সরিয়ে

এরপর ২৪ পৃষ্ঠায়

# ২৩ জুন ডেমোক্র্যাটিক প্রাইমারি: বাংলাদেশিদের পরীক্ষা

আজকাল রিপোর্ট



২৩ জুন নিউইয়র্কে ডেমোক্র্যাটিক প্রাইমারি। ৫ বাংলাদেশি আমেরিকান নির্বাচন করছেন। ধরে নেয়া হয়, এই নির্বাচনে যিনিই নির্বাচিত হন তাকেই চূড়ান্ত নির্বাচনে তাকেই বিজয়ী। এবার

এরপর ২৪ পৃষ্ঠায়


























NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
elderplan
a participating agency of MJHS Health System
Anthem
Hamaspik
MANAGED CARE
RiverSpring Living
MetroPlus Health
SWH
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-536-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

NY I
NY INSURANCE BROKERAGE

# NY INSURANCE BROKERAGE INC

## আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২) প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি, তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: ihopeprint.com, 929-538-7903




**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

# তেলাপোকাকে কতটা পাত্তা দিচ্ছেন সাফল্য উদযাপনে বুঁদ মোদি

সৌম্য বন্দ্যোপাধ্যায়

টানা ৪ হাজার ৩৯৯ দিন ধরে তাবড় কেষ্ট-বিষ্টুরা যা পারেনি, তেলাপোকারা সেই অসাধ্যসাধন করবে, আন্দোলনে আন্দোলনে জেরবার করে তুলবে সরকারকে, এমন অলক্ষুনে চিন্তা ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও তাঁর অন্ধ ভক্তরা মনে স্থান দিতে রাজি নন। জওহরলাল নেহরুকে 'ছাপিয়ে যাওয়ার' সাফল্য উদ্‌যাপনে তাঁরা এখন ব্যস্ত। দেশজুড়ে মোদি-বন্দনা চলছে। মন্দিরে মন্দিরে প্রার্থনা চলছে তাঁর সুস্বাস্থ্য ও মঙ্গল কামনায়। গণমাধ্যমগুলো সয়লাব সরকারি বিজ্ঞাপনে।

জওহরলাল নেহরু প্রধানমন্ত্রী ছিলেন ৬ হাজার ১২৯ দিন। ১৯৪৭ সালের ১৫ আগস্ট থেকে ১৯৬৪ সালের ২৭ মে মৃত্যু পর্যন্ত। টানা ১৬ বছর। মোদি সেখানে ১২ বছর পূর্ণ করলেন। কিন্তু তাতে কী! বিজেপি বলছে, ১৯৪৭ থেকে ১৯৫২ পর্যন্ত নেহরু ছিলেন অনির্বাচিত প্রধানমন্ত্রী। নির্বাচিত প্রধানমন্ত্রী হিসেবে মোদি তাঁকে টপকেছেন! এটাই অনন্য সাফল্য।

প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য ও উত্তরোত্তর সাফল্য কামনায় দিল্লির জগন্নাথ মন্দিরে পূজা দিয়েছেন ওডিশার বিজেপি নেতা কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান। তেলাপোকাদের তিরের লক্ষ্য আপাতত তিনিই। তাঁর পদত্যাগ চেয়ে তেলাপোকারা জানিয়েছে, দাবি মানা না হলে আরও বড় আন্দোলন শুরু হবে।

ধর্মেন্দ্রর ঈশ্বরের শরণাগত হওয়ার সেটাও আরেক কারণ। প্রধানমন্ত্রীর জন্য যতটা, তার চেয়েও বেশি নিজের জন্য। ধর্মেন্দ্র জানেন, তেলাপোকাদের দাবি সমর্থন করেছেন বিরোধী 'ইন্ডিয়া' জোট নেতারাও। নিট পেপার লিক ও সিবিএসইর দুর্নীতি নিয়ে তাদের আন্দোলন 'ইন্ডিয়া' যথার্থ মনে করেছে। খাঁড়াটা ঝুলছে তাঁর ঘাড়ের ওপরেই।

নরেন্দ্র মোদি বিরোধীদের চাপে চটজলদি কোনো সিদ্ধান্ত আজ পর্যন্ত নেননি। বিরোধীরা দাবি জানাচ্ছে বলে কখনো কোনো মন্ত্রীকে পদত্যাগ করতে বলেননি। অশ্বিনী বৈষ্ণব ২০২১ সালের জুলাই মাস থেকে রেলমন্ত্রী। তাঁর আমলে অনেক ভয়াবহ ট্রেন দুর্ঘটনা ঘটেছে। দায় ঘাড়ে নিয়ে পদত্যাগের দাবি জানানো হয়েছে বারবার। মোদি মানেননি। অশ্বিনী আজও রেলমন্ত্রী। এপস্টিন ফাইল কেলেঙ্কারির আঁচ পেট্রোলিয়ামমন্ত্রী হরদীপ পুরীর গায়ে লাগতে দেননি। কিন্তু তাই বলে কি ব্যবস্থা নেন না? অবশ্যই নেন। নেন নিজের শর্তে। নিজের সুবিধামতো।

২০২১ সালে মন্ত্রিসভার রদবদলে এক ধাক্কায় বাদ দিয়েছিলেন ১২ জনকে। কোভিড তখন চরমে, অথচ স্বাস্থ্যমন্ত্রী হর্ষবর্ধনকে ছেঁটে ফেললেন! টুইটারের বিরুদ্ধে জিহাদে নেমেছিলেন আইনমন্ত্রী রবিশংকর প্রসাদ। তাঁকে ছাঁটাই করলেন। সরালেন শিক্ষানীতির রূপকার শিক্ষামন্ত্রী রমেশ পোখরিওয়াল, পরিবেশমন্ত্রী প্রকাশ জাভড়েকর, সারমন্ত্রী সদানন্দ গৌড়, শ্রমমন্ত্রী সন্তোষ গাঙ্গোয়ারকে।

সরকার সাফল্যের ঢাক পেটালেও সত্য হলো, বিশ্বের চতুর্থ অর্থনীতি ভারতে বেকারত্বের জ্বালা দিন দিন বাড়ছে। তার মধ্যে ঘটে চলেছে নিটসহ বিভিন্ন ধরনের পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনা। কেন্দ্রীয় ও রাজ্যস্তরে অনাচার বাড়ছে অথচ কেউ দায় নিচ্ছে না। বিরোধীরাও নখদন্তহীন। যে আন্দোলন বিরোধীদের করার কথা, তা করতে সাহসী হলেন কোনো এক অজ্ঞাতকুলশীল অভিজিৎ দিপকে!



তাঁদের কেউ আর মন্ত্রী হতে পারেননি। কাজেই তেলাপোকারা চাইছে বলেই ধর্মেন্দ্র প্রধানকে মোদি সরিয়ে দেবেন মনে হয় না। তা ছাড়া ধর্মেন্দ্রর প্রতি তিনি আস্থাশীল। পশ্চিমবঙ্গের নির্বাচনী দায়িত্ব তাঁকেই দিয়েছিলেন। কাজটা তিনি ভালোভাবেই উতরেছেন। তৃণমূল কংগ্রেসের পরিষদীয় ও সংসদীয় দলে ভাঙন ধরানোর প্রধান কারিগরও তিনি। ধর্মেন্দ্র হয়তো তাই নিজেকে খুব একটা বিপদগ্রস্ত মনে করছেন না।

তেলাপোকাদের নিয়ে বিজেপির চিন্তাভাবনারও বদল ঘটেছে। একশ্রেণির বেকার যুবকদের উদ্দেশে ভারতের প্রধান বিচারপতি সূর্যকান্তর আলটপকা 'তেলাপোকা ও পরজীবী' মন্তব্যের পর সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যঙ্গাত্মক যে আন্দোলন শুরু, যার মধ্য দিয়ে 'ককরোচ জনতা পার্টি'র (সিজেপি) জন্ম। শুরুতে এর পেছনে বিজেপি 'পাকিস্তান ও মার্কিন ধনকুবের জর্জ সোরোস'-এর হাত দেখতে পেয়েছিল।

বলা হচ্ছিল, তেলাপোকা আন্দোলন ওদেরই চক্রান্ত। উদ্দেশ্য মোদির ভারতকে দুর্বল করা। কয়েক দিনের মধ্যে সিজেপির অনুগামী সংখ্যা বিজেপিকে ছাপিয়ে গেলে সরকার তাদের 'এক্স' হ্যান্ডল ব্লক করে দেয়। সামাজিক যোগাযোগমাধ্যম যখন তেলাপোকাদের নিয়ে তোলপাড়, আমেরিকা থেকে অভিজিৎ দিপকে যখন জানালেন, ময়দানে নেমে আন্দোলনের নেতৃত্ব দিতে তিনি ভারতে আসবেন, তখন তাঁকে গ্রেপ্তার করার ভাবনাও সরকারি মহলে মাথাচাড়া দিয়েছিল।

মনে রাখতে হবে, সেই সময় আমেরিকায় অভিজিৎ ও ভারতে তাঁর পরিবারের লোকজনদের প্রাণনাশের হুমকি দেওয়া হয়। অভিজিৎ 'এক্স' হ্যান্ডলে লিখেছিলেন, 'কে জানে, হয়তো দেশে ফিরলে আমার ঠিকানা হবে তিহার জেল।' যেদিন রওনা হলেন, সেদিনও লেখেন, 'ভারতে যাচ্ছি। দেশের সংবিধানের হাতে ভাগ্যকে সঁপে দিয়েছি।'

সুখের কথা, তেমন কিছু ঘটেনি। সমাবেশ রুখতে অতি উৎসাহীরা মামলা করেছিল। দিল্লি এরপর ২৮ পৃষ্ঠায়




> তাঁরা কর্মক্ষম জনসংখ্যার এক-তৃতীয়াংশ। স্কুল-কলেজে লিঙ্গবৈষম্য কমেছে। উচ্চশিক্ষায় ভর্তির হার দ্বিগুণ হয়েছে। শ্রমবাজারে শিক্ষিতদের প্রবেশ বেড়ে চলেছে। ফি বছর গ্র্যাজুয়েট হচ্ছে ৫০ লাখ। অথচ চাকরি হচ্ছে মাত্র ২৮ লাখের! সিজেপির হাতিয়ার শিক্ষা ও চাকরির পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের মতো মারাত্মক দুর্নীতি ও ক্রমবর্ধমান বেকারত্ব। সন্তানের ভবিষ্যৎ চিন্তায় শঙ্কিত মধ্যবিত্ত ভারতীয়ের মন তাই এত আলোড়িত। সামাজিক যোগাযোগমাধ্যম থেকে বেরিয়ে সবে ময়দানে নেমেছে তেলাপোকারা। সামাজিক আন্দোলনকে রাজনৈতিক করে তোলা সহজ নয়। বাংলাদেশ, নেপাল বা শ্রীলঙ্কায় যা সফল, ভারতের মতো বিশাল, বৈচিত্র্যপূর্ণ ও নানা ভাষাভাষীর দেশ, যেখানে পরিচয়ভিত্তিক রাজনীতি দিন দিন মাথাচাড়া দিচ্ছে, সেখানে তা কতটা সম্ভবপর, প্রশ্ন সেটাই

# মাননীয় প্রতিমন্ত্রী, আপনি নামের ফাঁদে পড়েছেন!

> ইতিহাস বলে, 'পাওয়ারফুল' লোকজনের পাবলিকের পয়সায় নিজের নাম ফাটানোর নেশায় পড়ার ঝুঁকি থাকে। তাঁরা নামরাজ্য প্রতিষ্ঠার লোভে পড়েন। কারণ নাম ক্ষমতার নিঃশব্দ সিলমোহর। এই ধরনের ক্ষমতাবানের ভেতরে থাকা বিবেক বাবু যদি টাইমলি হুঁশিয়ার না করে, তাহলেই বিপদ। কারণ একদিকে বংশের নাম, একদিকে এক ছেলের নাম, আরেকদিকে আরেক ছেলের নাম-এই তিন নামের ত্রিভুজে তৈরি হতে পারে 'নামায়ন' নামের নতুন প্রশাসনিক মহাকাব্য। সেই মহাকাব্যে সীমান্ত নামটি আর শুধু একটি শব্দ থাকে না, তা হয়ে ওঠে লোভের সীমানা বাড়ানোর নীরব ইঙ্গিত। দিগন্ত আর দিগন্ত থাকে না-তা হয়ে ওঠে ক্ষমতার নামাঙ্কিত দখলরেখা। আর ইউনিয়নের মানচিত্র হয়ে ওঠে ব্যক্তিগত নাম আর ক্ষমতার ভূগোল। সে কারণেই সাঁইজি হুঁশিয়ারি দিয়ে বলেছেন-'তুমি নামের ফাঁদে পড়েছ!'

সারফুদ্দিন আহমেদ

তালতলা হাইস্কুলের ইংরেজির মাস্টার তালেব আলি তালগাছের তলায় দাঁড়িয়ে আছেন। পেকে তুলতুলে হওয়া একটা তাল পড়ব-পড়ব করছে। সেই মুহূর্তে তালটার ওপর একটা কাক উড়ে এসে জুড়ে বসল। সঙ্গে সঙ্গে তালটা মাটিতে ধপ করে পড়ল, নাকি পড়ে ধপ করল, তা বোঝা গেল না।



তালেব মাস্টার এই দৃশ্য দেখে বললেন, 'হোয়াট এ কো-ইনসিডেন্স! কী কাকতালীয় ঘটনারে মাইরি!'

প্রায় সঙ্গে সঙ্গে হুবহু একই রকমের আরেকটা কাক একই কায়দায় উড়ে এসে হুবহু একই রকম আরেকটা তালের ওপর এসে হুবহু একই ঢংয়ে বসল এবং হুবহু একই কায়দায় দ্বিতীয় তালটিও পড়ে ধপ করল। তালেব মাস্টার প্রবল বিস্ময়ে বললেন, 'অ্যানাদার কো-ইনসিডেন্স!'

প্রায় সঙ্গে সঙ্গে হুবহু একই রকমের আরেকটা কাক একই কায়দায় উড়ে এসে হুবহু একই রকম আরেকটা তালের ওপর এসে হুবহু একই কায়দায় বসল এবং হুবহু একই কায়দায় তৃতীয় তালটিও পড়ে ধপ করল।

তালেব মাস্টার এবার প্রায় চিৎকার করে বললেন, 'অ্যানাদার কো-ইনসিডেন্স!' প্রায় সঙ্গে সঙ্গে তিনি নিজেকে শুধরে নিয়ে বললেন, 'হোয়াট এ মিরাকল!'

ইংরেজি ব্যাকরণ পড়ানো তালেব মাস্টার বুঝলেন, পতনমুহূর্তে তালের ওপর কাক বসার পর তালের পড়ে যাওয়াকে 'কাকতালীয়' বলা যায়।সঙ্গে সঙ্গে দ্বিতীয় তালের পড়ে যাওয়াকেও না হয় কাকতালীয় বলা যায়। কিন্তু তিন নম্বর তালটিও যখন একইভাবে পড়ে, তখন আর সেই ঘটনাকে কাকতালীয় বলা যায় না। তখন সেই তাল পড়ার ঘটনা হয়ে যায় তেলেসমাতি ঘটনা বা 'কুদরতকি কারিশমা' বা অলৌকিক ঘটনা বা মিরাকল।

তালতলার তালেব মাস্টারের তালগাছ তলার ঘটনার মতো বগুড়ার শিবগঞ্জ ও মোকামতলা উপজেলায়ও হেঁড়া হেঁড়া তিনটা 'কাকতালীয় কো-ইনসিডেন্স' সুন্দরমতো জোড়া লেগে গিয়ে শেষ পর্যন্ত একটা আস্ত 'মিরাকল' হয়ে আবির্ভূত হয়েছে।

দেখা যাচ্ছে, স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলমের নির্বাচনী এলাকা (বগুড়া-২ আসন) বগুড়ার শিবগঞ্জ এবং নবঘোষিত মোকামতলা উপজেলায় নতুন চারটি ইউনিয়ন গঠন করে সরকারি প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

শিবগঞ্জ উপজেলায় যে নতুন ইউনিয়ন গঠন করা হয়েছে, সেটির নাম দেওয়া হয়েছে 'মীরবাড়ী ইউনিয়ন'। আর মোকামতলা উপজেলায় যে নতুন তিনটি ইউনিয়ন গঠন করা হয়েছে, তার একটির নাম 'সীমান্ত ইউনিয়ন', আরেকটির নাম 'দিগন্ত ইউনিয়ন' এবং আরেকটির নাম 'স্বর্ণগ্রাম ইউনিয়ন'।

এক নম্বর কাকতাল হলো-একদিকে প্রতিমন্ত্রীর পৈতৃক বাড়ির নাম 'মীরবাড়ি', অন্যদিকে, সেখানে বানানো নতুন ইউনিয়নের নাম 'মীরবাড়ী ইউনিয়ন'।

দুই নম্বর কাকতাল হলো, নতুন একটি ইউনিয়নের নাম 'সীমান্ত ইউনিয়ন', আবার প্রতিমন্ত্রীর এক ছেলের নাম 'মীর সীমান্ত'।

তিন নম্বর কাকতাল হলো, নতুন আরেকটি ইউনিয়নের নাম 'দিগন্ত ইউনিয়ন', কী আচানক ব্যাপার, প্রতিমন্ত্রীর আরেক ছেলে নাম মীর দিগন্ত।

প্রতিমন্ত্রীর এক ভাতিজির নাম 'স্বর্ণালী', আবার নতুন আরেকটি ইউনিয়নের নাম 'স্বর্ণগ্রাম ইউনিয়ন'।

একের পর এক নামের কাকতালীয় মিল। মানে, একের পর এক কাক উড়ে আসছে, আর তালের ওপর বসছে; আর সমানে একের পর এক তাল পড়ে যাচ্ছে।

দেখা যাচ্ছে, এতগুলো বেতাল কাণ্ডের মধ্যে তাল না পেয়ে 'একটি বিশেষ মহল' এই কাকতালীয় ঘটনাগুলোকে প্রতিমন্ত্রীর নিজের বংশ-গুষ্টির নাম ফাটানোর অপচেষ্টা হিসেবে দেখা শুরু করেছে।

এক সময় যেভাবে 'নেত্রীকে ভুল বোঝানো' হতো, সম্ভবত একইভাবে বিরোধীদলীয় সংসদ সদস্য শফিকুল ইসলামকে কেউ ভুল বুঝিয়ে থাকতে পারে।

হয়তো সে কারণেই সোমবার সংসদে দাঁড়িয়ে তিনি নালিশের মতো করে বলেছেন, 'স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলমের এলাকায় একটি ইউনিয়নে তাঁর মীর বংশের নামে "মীরবাড়ি" নামে নামকরণ করেছেন। তাঁর দুই সন্তান দিগন্ত ও সীমান্তের নামে দুটি ইউনিয়নের নামকরণ করা হয়েছে।...বিগত ফ্যাসিস্ট সময়ে নাম সংশোধনী করতে অনেক সময় কেটে গিয়েছিল। এখন একই সংস্কৃতি আমাদের মাঝে ফিরছে।'

শফিকুল ইসলামের ভুল ভেঙে দেওয়ার জন্য বাদ মাগরিব সংসদে দাঁড়িয়ে প্রতিমন্ত্রী শাহে আলম পুরো বিষয়টি জাতিকে বুঝিয়ে বলেছেন।

প্রতিমন্ত্রী নতুন সদ্যোজাত ইউনিয়নগুলোর উদ্ভব, ক্রমবিকাশ ও সেগুলোর নামকরণের সার্থকতা ব্যাখ্যা করে বলেন, মোকামতলার সৈয়দপুর ও দেউলি-এ দুটি ইউনিয়ন ছিল অনেক বড়। ইউএনও এবং ডিসি যাচাই-বাছাই করে গণশুনানি করে নতুন নাম দিয়েছেন। এখানে তাঁর হাত নেই।

নিজ এলাকার বর্ণাঢ্য ভৌগোলিক বর্ণনা দিয়ে তিনি বলেন, সৈয়দপুর ইউনিয়ন গাবতলী ও সোনাতলা উপজেলার সীমান্তে। সীমান্তবর্তী হওয়ায় এটার এরপর ২৪ পৃষ্ঠায়



# দিল্লি থেকে ফিরে আসা আর বেনাপোল দিয়ে হেঁটে আসা

এম হুমায়ুন কবির



একেবারে হাত ধরাধরি করে দুটি ঘটনা ঘটে গেল। একদিকে আমরা খবরের কাগজে দেখলাম, ভারতের নবনিযুক্ত হাইকমিশনার দীনেশ ত্রিবেদী বেনাপোল সীমান্ত দিয়ে হেঁটে এ দেশে প্রবেশ করলেন। আর বাংলাদেশের মাটিতে পা রাখতেই তার মুখ থেকে ঝরে পড়ল একরাশ আবেগ। দুই দেশের আকাশ-বাতাস এক করার বার্তা দিলেন তিনি। ভারত ও বাংলাদেশের ১৬০ কোটি মানুষের যৌথ শক্তির এক বিপুল খতিয়ান পেশ করে এক নতুন পরাশক্তির স্বপ্ন দেখালেন। কিন্তু ঠিক এ ঘটনার সমসাময়িককালেই ঘটল অন্য এক কাণ্ড, যা আমাদের বেশ ভাবিয়ে তোলে। খোদ বাংলাদেশের প্রধানমন্ত্রীর পলিসি ও স্ট্র্যাটেজি এবং তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান দিল্লির বিমানবন্দরে নেমেই চরম হেনস্তার মুখে পড়লেন। তার নাম নাকি ভারতের কোনো এক নিরাপত্তা নজরদারির তালিকায় বা ওয়াচলিস্টে রয়েছে। আর এই অজুহাতে দীর্ঘ আড়াই ঘণ্টা তাকে বিমানবন্দরে আটকে রাখা হলো, করা হলো নানাবিধ জিজ্ঞাসাবাদ। এই অসৌজন্যমূলক আচরণের প্রতিবাদে ক্ষুব্ধ ও অপমানিত উপদেষ্টা শেষমেশ সম্মেলন বয়কট করে শ্রীলঙ্কার কলম্বো হয়ে নিজের দেশে ফিরে এলেন।

স্বাভাবিকভাবেই আমাদের সাধারণ মানুষের মনে প্রশ্ন উঠছে, এ দুই ঘটনার মধ্যে কি কোনো গোপন যোগসূত্র রয়েছে? আপাতদৃষ্টিতে ঘটনা দুটিকে পাশাপাশি রাখলে একটি টানাপড়েন বা একটি বৈপরীত্যের ছবি চোখে পড়ে। তবে পেশাদার কূটনীতির চশমা দিয়ে যদি আমরা পুরো বিষয়টিকে একটু তলিয়ে দেখি, তবে এই দুটি বিষয়কে এক দাঁড়িপাল্লায় মাপা ঠিক হবে না। দুটি সম্পূর্ণ ভিন্ন প্রেক্ষাপটের এবং ভিন্ন চরিত্রের ঘটনা। তাই আন্তর্জাতিক সম্পর্কের খাতিরে এদের আলাদা করেই দেখা ভালো এবং আলাদাভাবেই বিশ্লেষণ করা উচিত।

প্রথমেই আসা যাক প্রধানমন্ত্রীর উপদেষ্টার দিল্লি বিমানবন্দর থেকে ফিরে আসার এই অনভিপ্রেত প্রসঙ্গে। ঘটনাটি অত্যন্ত অসংগত, অনাকাঙ্ক্ষিত এবং দুঃখজনক। যখন মন্ত্রী পদমর্যাদার কোনো ব্যক্তিত্ব কোনো দেশে সরকারি সফরে যান, তখন কিছু সুনির্দিষ্ট কূটনৈতিক শিষ্টাচার ও প্রটোকল থাকে।

তার সফরের খুঁটিনাটি অনেক আগেই সংশ্লিষ্ট দেশের পররাষ্ট্র মন্ত্রণালয়কে আনুষ্ঠানিক ও সরকারিভাবে জানানো হয়। এটাই আন্তর্জাতিক নিয়মনীতি। এক্ষেত্রেও বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের দিক থেকে দিল্লির আমাদের বাংলাদেশ হাইকমিশনকে সব জানানো হয়েছিল বলে আমি আশা করি।

সব জানার ও বোঝার পরও যদি ভারতীয় কর্তৃপক্ষ তাকে এভাবে বসিয়ে রেখে থাকে, তবে এই চরম গাফিলতির দায় সম্পূর্ণ তাদেরই নিতে হবে


নিয়ম অনুযায়ী, এমন হাই-প্রোফাইল মন্ত্রী পর্যায়ের সফরের সময় বিমানবন্দরে কূটনৈতিক মিশনগুলোর উচ্চপদস্থ কর্মকর্তাদের উপস্থিত থাকার কথা। যদি আমরা ধরে নিই যে সব নিয়ম মেনে চলা হয়েছিল এবং আমাদের দূতাবাসের কর্মকর্তারা সেখানে উপস্থিত ছিলেন, তবে বিমানবন্দরে একজন উপদেষ্টাকে এতটা সময় অপেক্ষা করতে হলো কেন- সেটাই সবচেয়ে বড় আশ্চর্যের এবং খটকার বিষয়। এমনটা হতেই পারে যে, ভারতীয় ইমিগ্রেশন কর্তৃপক্ষের কাছে কোনো তথ্যের ঘাটতি ছিল বা তারা তার কাছ থেকে কিছু বাড়তি তথ্য জানতে চেয়েছিল। কিন্তু সেখানে যদি আমাদের মিশনের লোকজন উপস্থিত থাকতেন, তবে তো তাদেরই সেই তথ্য সরবরাহ করে তাৎক্ষণিকভাবে এই জটিলতা মিটিয়ে ফেলার কথা। তা যখন হয়নি বা করা যায়নি, তখন বোঝাই যাচ্ছে কোথাও একটা বড়সড় সমন্বয়ের অভাব ছিল। সব জানার ও বোঝার পরও যদি ভারতীয় কর্তৃপক্ষ তাকে এভাবে বসিয়ে রেখে থাকে, তবে এই চরম গাফিলতির দায় সম্পূর্ণ তাদেরই নিতে হবে। বাংলাদেশ সরকার নিশ্চয়ই এরই মধ্যে এই আচরণের বিরুদ্ধে ভারতের কাছে আনুষ্ঠানিক ব্যাখ্যা চেয়ে থাকবে। এটি কোনো সম্মানজনক আচরণ ছিল না এবং এর বিরুদ্ধে একটা উপযুক্ত জবাব আমাদের আশা করা উচিত।

অনেকে বলছেন, জাহেদ উর রহমান নিজেই তো পরে ভারতীয় উচ্চ পর্যায়ের হস্তক্ষেপে প্রবেশের অনুমতি পেয়েছিলেন, তাহলে কেন তিনি ফিরে এলেন? এখানে বুঝতে হবে, একজন মানুষ যখন দেশের সরকারের প্রতিনিধি হিসেবে যান, মন্ত্রী পর্যায়ের একজন মানুষ যখন দেখেন তাকে যথাযথ সম্মান দেওয়া হচ্ছে না বা অসম্মান করা হচ্ছে, তখন তিনি সেখানে না গিয়ে ফিরে আসতেই পারেন। তার এই ফিরে আসাকে কোনোভাবেই অন্যায় বা ব্যক্তিগত অহংকার বা কোনো নেতিবাচক আচরণ বলা চলে না। এটি একটি দেশের আত্মসম্মানের প্রশ্ন। শোনা যাচ্ছে, অতীতে কোনো একসময় তার কোনো ভারতবিরোধী বক্তব্যের কারণে ভারতের কোনো বিভাগ তাকে কালো তালিকাভুক্ত করেছিল। সেই তালিকা অভিবাসন বিভাগে সময়মতো হালনাগাদ না করার ফলেই এই প্রশাসনিক জটিলতার সৃষ্টি। কিন্তু মূল প্রশ্ন এরপর ৫৬ পৃষ্ঠায়

> এর আগে হাইকমিশনার দোরাইস্বামীও কিন্তু আখাউড়া সীমান্ত দিয়ে এভাবেই এসেছিলেন। তাই এর ভেতরে অন্য কোনো বিশেষ গুরুত্ব খোঁজার প্রয়োজন আছে বলে আমি মনে করি না। বর্তমান বাস্তবতায় দাঁড়িয়ে এই অখণ্ড ভূগোলের বা অখণ্ড ভারতের ভাবাবেগের কোনো বাস্তব অর্থ বা কার্যকারিতা আছে বলে আমি মনে করি না। আজ দক্ষিণ এশিয়ার প্রতিটি দেশ স্বাধীন ও সার্বভৌম। এখানে আমরা যে সাত-আটটি দেশ রয়েছি, আমাদের প্রত্যেকের নিজস্ব পরিচয়, স্বাধীনভাবে বাঁচার ইচ্ছা, প্রত্যয় এবং সংগতি রয়েছে। তাই এই বৈচিত্র্যপূর্ণ জায়গা বা বৈচিত্র্যকে মেনেই আমাদের পারস্পরিক সহযোগিতার পথ খুঁজতে হবে। আমাদের এখন মনোযোগ দেওয়া দরকার, কীভাবে একে অপরকে সম্মান জানিয়ে পাশে দাঁড়ানো যায়। তাই এ দুই ঘটনাকে একসঙ্গে গুলিয়ে না ফেলে আলাদাভাবে দেখাই বুদ্ধিমানের কাজ হবে







এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES
Toll Free: 1-866-MOIN-LAW
Cell: 917-282-9256
(To schedule appointment only)
এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস
বিনামূল্যে পরামর্শ
প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন
• গাড়ী এক্সিডেন্ট
• কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
• বিল্ডিং এ দুর্ঘটনা
• স্লিপ এন্ড ফল
• ট্রিপ এন্ড ফল
• হাসপাতালে ভুল চিকিৎসা
• বিকলাঙ্গ শিশুর জন্ম
• লেড পয়জনিং
• কাজের জায়গায় দুর্ঘটনা
IMMIGRATION
(Consultation fee applies)
Michael Taub, Esq.
Moin Choudhury, Esq.
ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি
Attorney Michigan Only.
Attorney Michigan Only.
Attorney New Jersey Only
Attorney, Buffalo New York Only
Attorney Connecticut Only
Attorney Pennsylvania Only
WWW.MOINLAW.COM
Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States.
Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

# ফুটবল উন্মাদনা কেন মারামারি, খুনোখুনিতে গড়ায়

গওহার নঈম ওয়ারা

আগের মতো এবারও বিশ্বকাপ ফুটবল নিয়ে বাংলাদেশে উন্মাদনা তৈরি হয়েছে। চলতি বছর (২০২৬) ফিফা বিশ্বকাপ ফুটবল সামনে রেখে দলীয় পতাকা টাঙাতে গিয়ে মৌমাছির আক্রমণের ঘটনা সাম্প্রতিক সময়ে বেশ আলোচনায় এসেছে। চট্টগ্রামের কর্ণফুলী উপজেলায় এক আর্জেন্টাইন সমর্থক বাড়ির ছাদে পতাকা লাগাতে গিয়ে মৌমাছির কামড়ে গুরুতর আহত হন।



মানিকগঞ্জ সদর উপজেলার তাটবাড়ির এলাকায় ব্রাজিলের পতাকা টাঙাতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ফয়সাল হোসেন নামে ১৮ থেকে ২০ বছর বয়সী এক যুবকের মৃত্যু হয়েছে। ঘটনাটি ৯ জুন বিকেল সাড়ে পাঁচটার দিকে ঘটে। তিনি একটি আমগাছে পতাকা লাগানোর সময় পতাকার খুঁটি বা তার বিদ্যুতের লাইনের সংস্পর্শে এলে বিদ্যুৎস্পৃষ্ট হন।

বিশ্বকাপ ফুটবলের সময় হলেই এ রকম মৃত্যু আর আহত হওয়ার খবর আসতে থাকে। ২০২২ সালে কাতার বিশ্বকাপে দেশের বিভিন্ন সংবাদমাধ্যমের তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে, শুধু খেলার এক মাসের মধ্যেই পতাকা টাঙাতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে এবং ছাদ থেকে পড়ে কমপক্ষে সাতজন সমর্থক মারা যান। (অন্যান্য কারণসহ মোট ১২ জনের মৃত্যু হয়েছিল)। এর আগে ২০১৮ সালের বিশ্বকাপেও হবিগঞ্জে রিয়াদ আহমেদ নামের এক কিশোর ঘরের ওপরে আর্জেন্টিনার পতাকা টাঙাতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মারা যান। এভাবে বিগত প্রতিটি বিশ্বকাপেই গড়ে ৫ থেকে ১০ জন মানুষ কেবল পতাকা টাঙাতে গিয়েই প্রাণ হারিয়েছেন।

খুনের ঘটনাও ঘটেছে। গত বিশ্বকাপের সময় দেশের তিন জেলায় খুন হন তিনজন, খেলাকে কেন্দ্র করে লালমনিরহাট, ভোলাসহ ছয়টি জেলায় ব্রাজিল-আর্জেন্টিনা সমর্থকদের মধ্যে প্রাণঘাতী সংঘর্ষ হয়। তর্কবিতর্কের জেরে দুটি হত্যাকাণ্ডের ঘটনা ঘটে-একটি হয় ঢাকার অদূরে সাভারে, অন্যটি হবিগঞ্জের বাহুবলে।

পঙ্গুত্ব ও আহতের সংখ্যা: সারা জীবনের জন্য পঙ্গু বা বিকলাঙ্গ হওয়া মানুষের সুনির্দিষ্ট তালিকা পাওয়া কঠিন। সবচেয়ে বেশি আলোচিত হয়েছিল আবদুল মতিনের দুর্ঘটনাটি। আবদুল মতিন ২০১৪ বিশ্বকাপের আগে নিজের দোকানে আর্জেন্টিনার পতাকা টাঙাতে যান। এ সময় তাঁর পতাকার দণ্ড ৩৩ হাজার ভোল্টের উচ্চক্ষমতাসম্পন্ন বিদ্যুতের তারে স্পর্শ করলে তিনি মারাত্মকভাবে আহত হন। পরে তার দুই হাত ও দুই পা কেটে ফেলতে হয়। ঘটনাটি আলোচিত হয়েছিল আন্তর্জাতিকভাবেও।

পরবর্তী সময়ে বিশ্বকাপ ২০২২-এর সময় আর্জেন্টিনার কয়েকটি সংবাদমাধ্যম ও টেলিভিশন চ্যানেল তাঁর গল্প প্রকাশ করে। প্রতিবেদনে বলা হয়, দুর্ঘটনার পরও তিনি আর্জেন্টিনা ও মেসির একজন নিবেদিত সমর্থক। আর্জেন্টিনার পররাষ্ট্রমন্ত্রী সান্তিয়াগো কাফিয়েরো ২০২৩ সালের জুলাইয়ে বাংলাদেশ সফরে এসে আবদুল মতিনের জন্য আর্জেন্টিনা জাতীয় দলের একটি জার্সি পাঠান।

উন্মাদনা ও গণ-আবেগের শুরু: ১৯৫৭ সালে ঢাকায় মোহামেডানের টেন্ট উদ্বোধন করেছিলেন চুরাশি বছরের এক 'তরুণ'। সেই 'তরুণ' হলেন শেরেবাংলা এ কে ফজলুল হক। পরদিন দৈনিক আজাদের প্রথম পাতায় বেশ করে ছাপা হয়েছিল শেরেবাংলার বলে লাথি মারার ছবি। তিনি তখন পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রীর পদ ছেড়ে দিয়ে পূর্ব পাকিস্তানের গভর্নর হয়েছেন।

শেরেবাংলা যখন কলকাতার মেয়র বা বাংলার শিক্ষামন্ত্রী অথবা অবিভক্ত বাংলার প্রধানমন্ত্রী তখনো ফুটবলের মাঠে তিনি একজন সোচ্চার দর্শক। মোহামেডানের কোনো গুরুত্বপূর্ণ খেলা তিনি বাদ দিতেন না। নামাজের ওয়াক্ত হলে তিনি খেলার মাঠেই নামাজ পড়ে নিতেন। ফুটবলের উন্মাদনা তত দিনে খেলার মাঠের বাইরে এক সামাজিক পরিচয়ে পরিণত হয়।

মোহামেডান স্পোর্টিং ক্লাব শুধু আর ফুটবল ক্লাব থাকে না: ক্রমশ এটি শিক্ষিত ও মধ্যবিত্ত মুসলিম সমাজের আত্মপরিচয় এবং আত্মমর্যাদারও একটি প্রতীক হয়ে ওঠে। শেরেবাংলার মতো জনপ্রিয় মুসলিম নেতাদের সঙ্গে ক্লাবটির ঘনিষ্ঠতায় ফুটবল উন্মাদনা ক্রমশ একটা মতাদর্শে রূপ ধারণ করে। স্লোগান ব্যানার প্রচারে সেই মতাদর্শের প্রতিফলন ঘটতে থাকে। শুধু মোহামেডান নয়, মোহনবাগান ও ইস্ট বেঙ্গলের প্রতিদ্বন্দ্বিতা সমগ্র বাংলায় ফুটবলকে গণ-আবেগে পরিণত করে।

১৯১১: এক ফুটবল ম্যাচের রাজনৈতিক অর্থ। ১৯১১ সালের আইএফএ কাপে ফাইনালে মোহনবাগান ব্রিটিশ সেনাবাহিনীর ইস্ট ইয়র্কশায়ার রেজিমেন্ট দলকে ২-১ গোলে হারিয়ে দিলে ফুটবল ক্রমশ প্রতিরোধ প্রতিশোধের একটা হাতিয়ার হয়ে ওঠে। সেদিনের সেই খেলায় অধিকাংশ ভারতীয় খেলোয়াড় খালি পায়ে খেলেছিলেন, আর ব্রিটিশরা খেলেছিলেন বুট পায়ে। এই জয়কে অনেক সমকালীন মানুষ শুধু ক্রীড়া বিজয় হিসেবে নয়, বরং 'সাহেবদেরও হারানো যায়'-এমন বিশ্বাসের প্রতীক হিসেবে দেখেছিল।

পরবর্তীকালে ১৯১১ সালের এই জয়কে অনেকে 'পলাশীর প্রতিশোধ' বলেও আখ্যা দেন।

দেশ ত্যাগ করে ব্রিটিশরা চলে এরপর ২৮ পৃষ্ঠায়



তর্কবিতর্কের জেরে দুটি হত্যাকাণ্ডের ঘটনা ঘটে-একটি হয় ঢাকার অদূরে সাভারে, অন্যটি হবিগঞ্জের বাহুবলে। **বিদ্যুৎস্পৃষ্ট হওয়া রোধ করুন:** ধাতব বা বাঁশের খুঁটিতে পতাকা লাগানোর সময় খেয়াল রাখতে হবে যেন তা বৈদ্যুতিক তারের সংস্পর্শে না আসে। ভেজা হাতে বৈদ্যুতিক খুঁটি বা তারে হাত দেওয়া থেকে বিরত থাকুন। **উঁচু স্থান থেকে পড়া:** ছাদ, বারান্দা বা ভবনের কার্নিশে ওঠার সময় পর্যাপ্ত নিরাপত্তাব্যবস্থা রাখুন। পিচ্ছিল জুতা পরে উঁচু স্থানে না ওঠাই ভালো। শিশুদের নিরাপত্তা: শিশুরা যেন ছাদের রেলিং বা অরক্ষিত বারান্দায় ঝুঁকে পতাকা লাগাতে না যায়, সেদিকে কঠোর নজর রাখুন। রাস্তায় সতর্কতা: বড় পতাকা নিয়ে রাস্তায় দৌড়াদৌড়ি বা গাড়ি/বাইকে ঝালিয়ে চলাচলের সময় ট্রাফিক দুর্ঘটনার ঝুঁকি অনেক বেড়ে যায়

# বিশ্ব কাঁপে ফুটবলে

মামুনুর রশীদ

বর্তমান বিশ্বে সবকিছুর মূলে দাঁড়িয়েছে অর্থ। অর্জন নয়, শিক্ষা নয়, শুধু স্বপ্ন একটাই-টাকা! এত টাকা দিয়ে কী হবে বা একজন মানুষের কত টাকা দরকার? তা নির্ধারণের জন্য যে সংস্কৃতি দরকার, সেটা প্রায় অনুপস্থিত। বিশ্বকাপ দেখতে দেখতে দর্শকদের আলোচনার বিষয় হচ্ছে, অমুক খেলোয়াড়টি কত টাকা পান?

নানা ধরনের জাতীয় ও আন্তর্জাতিক সংকটের মধ্য দিয়ে শুরু হয়েছে এবারের বিশ্বকাপ ফুটবলের আসর। এবারের বিশ্বকাপ অনুষ্ঠিত হচ্ছে যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডায়। এর মধ্যে যুক্তরাষ্ট্র ইরানের সঙ্গে যুদ্ধে জড়িয়ে পড়েছে আর ইসরায়েলকে সরাসরি মদদ দিচ্ছে।

মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশ সরাসরি আক্রান্ত হচ্ছে আর পরোক্ষভাবে সারা পৃথিবীও। এই পরোক্ষভাবটাও আসলে প্রত্যক্ষ। মুদ্রাস্ফীতি ডেকে আনছে। মানুষের নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম বাড়ছে। জীবনযাপনে অনিশ্চয়তার ছাপ প্রতিটি মানুষের মধ্যে। বিশ্বকাপ এসব সমস্যাকে সমাধান করতে পারেনি বরং কিছুদিনের জন্য আড়াল করবে। যেমন পাকিস্তান বনাম ভারতের ক্রিকেট খেলা, পাকিস্তানে যখন রাষ্ট্রীয় সংকট তীব্র আকার ধারণ করে, তখন একটা ক্রিকেট টুর্নামেন্ট শুরু হয়। তারা বিজয়ী হওয়ার চেষ্টা করে এবং মানুষ বিজয়ী হলে তাদের দৈনন্দিন সংকটটি ভুলে যায় বিজয় উল্লাসের মতোই।

দক্ষিণ আমেরিকার দুটি দেশ ব্রাজিল ও আর্জেন্টিনা ফুটবলে অত্যন্ত দক্ষ। কিন্তু সম্পদের দিক থেকে এত ধনী হওয়া সত্ত্বেও সেসব দেশের মানুষ দরিদ্র। এই দরিদ্র মানুষগুলো ফুটবল নিয়ে যতটা ব্যস্ত, ঠিক ততটা শ্রেণিসংগ্রাম নিয়ে উদ্বিগ্ন নয়। রাষ্ট্রীয় ও আন্তর্জাতিক শোষণের জাঁতাকলে তারা পিষ্ট। পুরো লাতিন আমেরিকাজুড়েই ফুটবলের ব্যাপক উন্মাদনা। কলম্বিয়ার মতো দরিদ্র দেশও ফুটবলে মাতোয়ারা, সেসঙ্গে ভয়ংকর মাদকের ছড়াছড়িও আছে। সারা লাতিন আমেরিকায় সমাজতান্ত্রিক সংগ্রাম একসময় তীব্র হয়ে উঠেছিল। তার মধ্যে কিউবা মুক্তি পেয়েছে, বাকিরা এখনো পশ্চাৎপদতা মেনে নিয়েছে। অথচ শিল্প-সাহিত্যে এই দেশগুলো কী পরিমাণে অগ্রসর! প্রতিটি মানুষের ব্যাপক পাঠাভ্যাস, সাহিত্যের আন্দোলন তীব্র, তবু দারিদ্র্য এবং শোষণ পাশাপাশি চলছে।

ক্রীড়া সংস্কৃতির এই প্রভাব আমাদের দেশেও চলে এসেছে। একদা ফুটবল খুব জনপ্রিয় ছিল, শহর থেকে শুরু করে গ্রামগঞ্জে ফুটবলের চর্চা ছিল ব্যাপক। কিন্তু কয়েক দশক ধরে ফুটবলের পতন হয়েছে এবং সেই জায়গায় মাথাচাড়া দিয়ে উঠেছে ক্রিকেট। পৃথিবীর খুব কমসংখ্যক দেশ ক্রিকেট খেলে। কিন্তু ক্রিকেটে পণ্যের বিজ্ঞাপনের মাইলেজ অনেক বেশি পাওয়া যায়, সারা দিন ধরেই দর্শকেরা ক্রিকেটের সঙ্গে সঙ্গে বিজ্ঞাপনও গলাধঃকরণ করে। পণ্যের বিজ্ঞাপনের জন্য ক্রিকেট খেলার জুড়ি নেই। অন্যদিকে ফুটবলের সময় সংক্ষিপ্ত মাত্র ৯০ মিনিট, এর মধ্যে বিজ্ঞাপনের জায়গাইবা কতটুকু? ক্রিকেটে লগ্নি বেশি আর ফুটবলে খুব কম। স্কুল, কলেজ ও গ্রামে একটা ফুটবল ম্যাচ হলেই সারা গ্রাম আনন্দে উত্তেজনায় ব্যস্ত থাকে। ব্রিটিশের আগমনের সঙ্গে সঙ্গে ক্রীড়া সংস্কৃতিতে ক্রিকেট যুক্ত হয় ধনীদের খেলায়। পরবর্তীকালে মধ্যবিত্তের মধ্যেও ক্রিকেটপ্রেমীদের সংখ্যা বাড়তে বাড়তে আজকের অবস্থানে এসে পৌঁছেছে। ক্রীড়া সব জাতির জন্য অত্যন্ত প্রয়োজনীয় একটি বিষয়। জাতীয় স্বাস্থ্যের জন্য ক্রীড়ার প্রয়োজন অপরিসীম। ক্রিকেট ও ফুটবল ছাড়াও আমরা একসময় অ্যাথলেটিকের ব্যাপক প্রচলন দেখেছি, সেই সঙ্গে আমাদের কিছু জাতীয় খেলা যেমন হাডুডু এখন প্রায় বিলুপ্তির পথে। স্কুল, কলেজে ক্রীড়া সংস্কৃতি একসময় খুবই প্রবল ছিল। সেখানে অ্যাথলেটিক্স এবং নিয়মিত স্বাস্থ্যচর্চা বাধ্যতামূলক ছিল। সেই সঙ্গে ছিল সংস্কৃতিচর্চা-গান, নাটক, নাচ, আবৃত্তি, গল্পবলা, বিতর্ক প্রতিযোগিতা এসবও মুখ্য চর্চার মধ্যে ছিল। সেসব এখন নিয়মের জালে আবদ্ধ।



প্রতিটি স্কুলে দেয়াল পত্রিকা খুবই জনপ্রিয় ছিল। দেয়াল পত্রিকার যারা লেখক ছিল, তারা একধরনের গৌরব বোধ করত এবং সেখান থেকে লিটল ম্যাগাজিনের সূত্রপাত হতো। এই লিটল ম্যাগাজিনই পরবর্তীকালে অনেক লেখকের জন্ম দিয়েছে। আজকের দিনে সিনেমা, টেলিভিশনের চেয়েও বেশি জনপ্রিয় ইন্টারনেটের মাধ্যমে একটি মোবাইল ফোন দিয়ে এই কাজটি করা সম্ভব। শিশু-কিশোরেরা এমনকি বয়স্ক মানুষেরা দিন-রাত ব্যস্ত থাকে এই মোবাইল ফোন নিয়ে। সেখানে ফেসবুক, ফেসবুকের রিল খুবই জনপ্রিয়। এসবই তাৎক্ষণিক একটা আনন্দের জায়গা হয়ে দাঁড়িয়েছে। সামাজিক যেসব বিনোদন যেমন একসঙ্গে সিনেমা দেখা, সবাই মিলে গান শোনা, নাটক দেখা, নৃত্যানুষ্ঠান উপভোগ করা-এসবের জায়গা দখল করেছে ওই ছোট্ট ফোনসেটটি। মানুষ এত ব্যক্তিস্বাতন্ত্র্যের জ্বরে ভুগছে যে তার মনোযোগ ওই ছোট্ট জায়গাটি। আশপাশের মানুষ বা সমাজ তার কাছে কোনো ঘটনাই নয়।

আমরা জানি মানুষ বাঁচে মানুষের উষ্ণতায়, তার চারপাশের সামাজিক বৃত্তটাকে নিয়ে। এই বৃত্তটা আস্তে আস্তে বড় হয় কিন্তু বর্তমানের ইন্টারনেট সংস্কৃতি এই বৃত্তকে ছোট করে ফেলেছে। এখন মানুষ মানুষকে শোনে ফেসবুকে। জীবন্ত মানুষের সঙ্গে তার সম্পর্ক দিনে দিনে ক্ষীণ হয়ে এসেছে। ক্রিকেট বা ফুটবলের মতো বড় খেলাগুলোও আশ্রয় নিয়েছে ওই ছোট্ট ফোনসেটটিতে। মুষ্টিমেয় লোক মাঠে খেলা দেখতে যায়। কিন্তু অধিকাংশই এরপর ৫৩ পৃষ্ঠায়




বিশ্বকাপ আসে, আর আমরা বিদেশি খেলোয়াড়দের নৈপুণ্যে জয়-পরাজয়ের আনন্দ-বেদনায় হাসি-কাঁদি। কিন্তু আমরা একটি স্বাধীন দেশ, তার খেলার উন্নতির কথা ভাবি না! যদি বিশ্বকাপ ফুটবলের আসরে আমাদের বাংলাদেশের দল কখনো যুক্ত হয়, তাহলে এটা যে কত বড় গৌরবের বিষয় হবে, তা আমরা ভাবতেই পারি না। বাংলাদেশ ফুটবল ফেডারেশনের এখনই একটা দ্রুত পরিকল্পনা প্রয়োজন যে সারা দেশে খেলোয়াড়দের কী করে অনুপ্রাণিত করা যায়, কীভাবে তাদের কেন্দ্রে নিয়ে আসা যায়, এসব ভাবনার এখন খুবই দরকার। ফুটবল ক্রীড়া সংগঠকদের উচিত হবে সরকারের সঙ্গে বসে একটা ক্র্যাশ প্রোগ্রাম গ্রহণ করা, যার ভিত্তিতে ফুটবল নিয়ে রাষ্ট্রীয় উদ্যোগ দৃশ্যমান করা যায়

# দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

## স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



## বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

**৭৪৯**

JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত

আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES · Biman Bangladesh Airlines · American Airlines · ETIHAD AIRWAYS · QATAR AIRWAYS · Emirates · KUWAIT AIRWAYS




## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট



জামান রঞ্জু
ট্রাভেল কনসালটেন্ট



কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট



মাহির
ট্রাভেল কনসালটেন্ট



জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট



নিলয়
ট্রাভেল কনসালটেন্ট

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

**Phone: 917-396-4140, 917-592-7828**


জামাল ভূঁইয়া
অধিনায়ক
বাংলাদেশ
ফুটবল দল
NEW YORK KICKOFF
FIRST STOP OF THE USA TOUR
FOOTBALL | CULTURE | COMMUNITY
MAIN EVENT
LUNCH
WORLD CUP QUIZ
WIN PRIZES
MEET & GREET
PHOTO SESSION
AUTOGRAPHS
JOIN US
GET TICKET $35
HOTLINE (DETAILS)
614-648-2344 | 914-338-9697
VENUE:
Shanai Restaurant
37-43 74th Street,
Jackson Heights, NY 11372
SATURDAY
JUNE 27
2026
1:00 PM - 4:00 PM







# পাল্টাপাল্টি সংবাদ সম্মেলন চিটাগাং এসোসিয়েশনের

৬২ পৃষ্ঠার পর

প্রতিবাদ জানিয়েছে। এর আগের সপ্তাহে সংগঠনের একাংশের সভাপতি আবু তাহের ও সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম নেতৃত্বাধীন কমিটির সংবাদ সম্মেলন করেছিল। সোমবার ১৫ জুন জ্যাকসন নবান্ন পার্টি হলে মাকসুদুল হক চৌধুরী ও মাসুদ হোসেন নিজেদের নির্বাচিত কমিটি দাবি করে সংগঠনের সকল প্রকার হিসাব ও কাগজপত্র হস্তান্তর করতে অপর পক্ষের প্রতি আহ্বান জানান। একই সঙ্গে চট্টগ্রামবাসীকে প্রবাসের মাটিতে আর অপমান না করে সংগঠনটিকে তার ঐতিহ্য ফিরিয়ে আনার জন্য সকলের প্রতি অনুরোধ জানিয়েছেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন মাকসুদুল হক চৌধুরী। এ সময় এসোসিয়েশনের ট্রাস্টি বোর্ডের কো-চেয়ারম্যান শাহজাহান সিরাজী, ট্রাস্টি বোর্ডের সদস্য ও প্রতিষ্ঠাতা সদস্য হাসান চৌধুরী, উপদেষ্টা মোহাম্মদ দিদার, তারিখ চৌধুরী দিপু, সাবেক সভাপতি আহসান হাবীব, সিনিয়র সহ সভাপতি মোক্তাদির বিল্লাহ, সহ সভাপতি আকবর আলী বাপ্পি ও আইকুর আনসারী, যুগ্ম সাধারণ সম্পাদক ইকবাল হোসেন ভূঁইয়া, কোষাধ্যক্ষ মোহাম্মদ নুরুন উদ্দিন, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ ফরহাদ, দপ্তর সম্পাদক শিমুল বড়ুয়া, সহ দপ্তর সম্পাদক জয়নাল আবেদীন আতিক, প্রচার ও প্রকাশনা সম্পাদক আব্দুল অদুদ, ক্রীড়া সম্পাদক জাহেদুল আজম, কার্যকরী সদস্য রুকন সাত্তা, মোহাম্মদ শওকত আলী, খাইরুল বাশার, অরুন বড়ুয়া, বিধান বড়ুয়া প্রমুখ উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে মাকসুদ-সিরাজী ছাড়াও আহসান হাবীব, শাহজাহান সিরাজী ও মোক্তাদির বিল্লাহ উপস্থিত সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।


লিখিত বক্তব্যে মাকসুদুল হক চৌধুরী বলেন, ১৯৯৭ সালে ভবন ক্রয়ের পর থেকেই একটি মহল এই সংগঠনের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। এসোসিয়েশনের আর্থিক হিসাবের সমস্যা শুরু ২০১৪ সাল থেকে। তখন মোহাম্মদ তাহের সাধারণ সম্পাদক ছিলেন, সভাপতি আকবর আলী এবং কোষাধ্যক্ষ মোহাম্মদ মোক্তাদির বিল্লাহ-এর বিপরীত প্যানেল থেকে সাধারণ সম্পাদক নির্বাচিত হওয়ার কারনে তিনি কার্যকরী পরিষদের সকল কাজে তখন উল্টো পথে হাঁটতো। একই ভাবে এই গ্রুপটি ২০১৭ সালে নির্বাচনের হলফনামা পার হতে না হতে, তৎকালীন সভাপতি মরহুম আবদুল হাই জিহার কমিটি থেকে সাধারণ সম্পাদক মোহাম্মদ সেলিম, কামাল হোসেন মিন্টু, আরিফুল ইসলাম সহ বেশ কয়েকজন কার্যকরী পরিষদ থেকে পদত্যাগ করেছিল, উদ্দেশ্য একটাই যেন সংগঠনটির মধ্যে একটি বিশৃঙ্খলা সৃষ্টি করা যায়।

তিনি বলেন, ২০২২ গঠিত অন্তরবর্তীকালীন কমিটি ২৩ মাস দায়িত্ব পালন করে নির্বাচনের প্রস্তুতি হিসেবে নির্বাচন কমিশন গঠন করতে গেলে তাদের পছন্দের নির্বাচন কমিশন যখন ভোটে হেরে যায় তখন মোহাম্মদ আবু তাহের ও তার গ্রুপ নির্বাচন বয়কটের হুমকি দেয়। তখন সংগঠনের বৃহৎ স্বার্থে ভোটাভুটিতে হেরে যাওয়া দুই কমিশনার মোহাম্মদ সেলিম হারুন ও শাহাবুদ্দিন সাগরকে মেনে নিয়েছিলাম। সেই দিনের সেই আপোসের ভুল আজ পুরো চট্টগ্রামবাসী ভোগ করছে।

মাকসুদুল হক চৌধুরী বলেন, চট্টগ্রামে ভবনের দরজা ভাঙা কিংবা তালা পরিবর্তনের সূচনা হয় ২০১৭/১৮ সাল থেকে মোহাম্মদ হানিফের হাত ধরে যা আজো তারা অব্যাহত রেখেছে, ২০১৭ সালের ডিসেম্বর মাসে মোহাম্মদ হানিফ, এনাম, শামসু গ্রুপ, কাজী আজম, সেলিম, আতিক ও মিন্টু গ্রুপের মিলাদুন্নবী (সঃ) অনুষ্ঠান বন্ধ করার জন্য ভবনের প্রধান ফটকে বিশাল চেইন দিয়ে ভবনের প্রবেশপথ বন্ধ করে দেয়, যদিও তার পূর্বে বেশ কয়েকবার পাল্টাপাল্টি ভাবে উভয় গ্রুপ অফিসের দরজা ভেঙেছে। তাদের মন মতো কোন কিছু না হলেই তারা (হানিফ গং) সাথে সাথে সমিতির দরজা ভেঙে চর দখলের মতো সংগঠনের ভবন দখল করে রাখে এবারও তার ব্যতিক্রম হয়নি। তিনি বলেন, তারা তাদের হীনস্বার্থ চরিতার্থ করার লক্ষ্যে মার্চের ১৯ তারিখ ভোর রাতে সেহরি খাওয়ার সময় পরিবারের সদস্যদের সামনে থেকে সাবেক সভাপতি মোহাম্মদ আহসান হাবিবকে বাসায় পুলিশ পাঠিয়ে গ্রেফতার করে নিয়ে যায়। তার পরেরদিন ঠিক একই সময় চট্টগ্রামবাসীর ভোটে নির্বাচিত সভাপতি মাকসুদ চৌধুরীর বাসায় পুলিশ পাঠিয়ে তার পুরো পরিবারকে আতংকগ্রস্ত করে। কয়েকদিন পর ঠিক ভোর রাতেই সবচেয়ে বেশি ভোটে নির্বাচিত সিনিয়র সহ সভাপতি মোক্তাদির বিল্লাহ ও সহ সাধারণ সম্পাদক মোহাম্মদ হারুন মিয়ার বাসায়ও পুলিশ পাঠায়।

তিনি বলেন, তাদের নামে থাকা দুটি ব্যাংক একাউন্টে গত মার্চ মাসের ব্যাংক স্টেটমেন্ট অনুযায়ী ১টিতে প্রায় ২৩ হাজার ডলার অন্য একটি একাউন্টে ৪ হাজার ডলার আছে। মুখে মুখে হিসাব করলেও অন্তবর্তীকালীন কমিটি, নির্বাচন কমিশন এবং ঘর ভাড়া থেকে আদায়কৃত গত ২২ মাসের অর্থ হিসাব করলে আনুমানিক তিন লক্ষ ডলারের বেশী তাদের হাতে রয়েছে। সবচেয়ে দুঃখজনক বিষয় হচ্ছে ২০২২ সালের পর থেকে আজ অবধি এসোসিয়েশনের কোন ট্যাক্স ফাইল করা হয়নি ফলে সংগঠনটি 'নট ফর প্রফিট' স্ট্যাটাস হারানোর পথে।

মাকসুদুল হক চৌধুরী বলেন, নির্বাচনের মামলাসহ মোট তিনটি মামলার মধ্যে আমাদের বিরুদ্ধে দায়েরকৃত মিথ্যা মামলায় নির্দোষ প্রমান হওয়ার পরে আরো দুটি মামলা বর্তমানে চলমান, নির্বাচনী মামলা এবং ভাড়াটিয়ার বিরুদ্ধে করা মামলা। সংগত কারনে ভাড়াটিয়াদের বিরুদ্ধে দায়ের করা মামলা আমরা রিপ্রেজেন্ট করছি, কারন তারা নির্দোষ। তাদের ভাড়া মে ২০২৬ পর্যন্ত পরিশোধ করা আছে। তিনি বলেন, স্বেচ্ছাচারিতার সাথে সংগঠনের কার্যক্রম পরিচালনা সম্পূর্ণ বেআইনি। আর গায়ের জোরে ভবন দখল করে সমিতির মালিক বনে যাওয়া যায়, কিন্তু ইতিহাস কাউকে ক্ষমা করবে না। সব কিছুর হিসাব চট্টগ্রামবাসী আদায় করবে ইনশা আল্লাহ।




ZILLUR TAX ACCOUNTING
& INSURANCE SERVICES
• Tax Filing & Payroll
• IRS Audit Assistance
• Insurance &
• Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
• OUR SERVICES
Personal Tax Filing
Business Tax Filing
New Business Setup
Home & Business Insurance
Immigration Services
ITIN Number Application
Notary Services
zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com
Cell: 646-322-3254
Office: 718-374-3110
88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY
OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA
CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF
SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ
GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# Donald Trump's Approval Rating Hits All-Time Low

**Shah Nawaz**



President Donald Trump's approval rating has fallen to a record low with Big Data Poll, a survey that has historically given him some of his strongest numbers, as voters express growing dissatisfaction with the economy, the cost of living and the administration's handling of foreign policy.

In its most recent survey, conducted between May 24 and 27 among 3,121 registered voters, 39.4 percent of respondents said they approved of the job Trump was doing as president—including 19.9 percent who said they strongly approved. Big Data Poll called this a "new low for the president during his second term and the first time he has dipped into the critical 30s."

While polls have been known to underestimate Trump's popularity, with the president outperforming preelection expectations in three presidential campaigns, Big Data Poll has previously showed some of Trump's highest approval ratings—so the record low approval raises questions about whether dissatisfaction with the administration is beginning to extend beyond traditional critics. The firm's director, Rich Baris, has historically supported Trump but has become more critical of the president during his second term, namely over his support of Israel and the war in Iran. Last June, Baris warned that it could be "all over for MAGA" if Trump further involved the U.S. in a conflict with the Islamic Republic.

He added in the May polling report, "After a year of voters making themselves clear while granting an unheard-of amount of political grace, Republicans have dug themselves into a massive hole by not heeding their warnings."

Big Data Poll's May survey reflects a widening divide in the Make America Great Again movement, showing growing disapproval ratings on issues such as the economy, foreign policy and the administration's handling of files related to the convicted sex offender Jeffrey Epstein.

When asked for comment, White House spokesperson Davis Ingle told Newsweek: "The ultimate poll was November 5, 2024, when nearly 80 million Americans overwhelmingly elected President Trump to deliver on his popular and commonsense agenda. No other President in history has accomplished more for the American people than President Trump, who is working tirelessly to create jobs, cool inflation, increase housing affordability, and more."

"The President has already made historic progress not only in America but around the world, and this is just the beginning as his agenda continues taking effect," he added.

Trump's 39.4 percent approval rating in Big Data Poll's May survey is down from 44.8 percent in January, which was a decline from the 55.5 percent approval rating Big Data Poll gave the president when he returned to office the previous year.

The shift is not confined to the national topline. State-level data suggests Trump's net approval has deteriorated across much of the country since he returned to office. *(Source-Newsweek)*



# 500 vessels waiting in the Gulf west of the Strait of Hormuz

**Ajkal Desk**

Ship-tracking data from MarineTraffic this morning shows there are more than 230 tankers and 250 cargo ships in the Gulf west of the Strait of Hormuz alongside large numbers of smaller vessels such as fishing boats and tugs.

Only a minority of tracked tankers appear to be fully laden with cargo while most are empty or partially loaded.

About 70% of the tankers in the data are stationary rather than moving. Many are gathered near major oil export terminals in Saudi Arabia, Iraq and the UAE. Most have remained in the Gulf over the past month.

The total number of vessels in the area is likely to be higher, as many ships are not broadcasting their location and do not appear in the data. *(Reuters)*

# UN Human Rights Chief Welcomes US-Iran

**Monowarul Islam**

The U.N. human rights chief welcomed a U.S.–Iran peace framework that envisions an immediate and permanent ceasefire, the reopening of the Strait of Hormuz, and ongoing negotiations on Tehran's nuclear program, urging all sides to show maximum restraint as the deal is implemented.




The accord, described as a framework and the most significant breakthrough in years, comes amid a wider regional crisis that has affected energy markets and caused casualties. He cautioned about Israeli strikes on Lebanon and cross-border attacks by Hezbollah, calling for an immediate halt to hostilities and investigations into alleged violations of international law by all parties. The situation remains fragile, with the fate of Iran's nuclear program to be decided in subsequent talks, and the region watching for real progress and restraint. Momentum appears contingent on rapid, good-faith implementation and broader regional cooperation.

**Dive Deeper:** Volker Turk, the U.N. human rights chief, welcomed the peace framework between the United States and Iran and urged maximum restraint from all sides during implementation.

The framework outlines an immediate and permanent ceasefire, the reopening of the Strait of Hormuz, and the continuation of negotiations on Tehran's nuclear program, marking a major diplomatic breakthrough.

Oil markets responded to the announcement with a drop in prices, while the core dispute over Iran's nuclear ambitions remains to be resolved in subsequent talks. The deal is described as a framework rather than a final settlement, signaling a path toward de-escalation but with uncertainties about enforcement and scope.

Turk expressed alarm over Israeli strikes on populated areas and infrastructure in Lebanon, as well as Hezbollah cross-border actions, urging an immediate end to hostilities and Lebanese withdrawal.

He called for investigations into alleged violations of international law by all parties involved, underscoring the need for accountability alongside ceasefire commitments. The broader outlook hinges on rapid, good-faith implementation of the agreement and continued restraint by regional actors, with future negotiations focused on the nuclear issue and regional stability.

# US World Cup Star Wouldn't Be American Under Trump Plan

**Anik Raj**

Folarin Balogun, the U.S. men's national soccer team's (USMNT) star forward who scored twice in the U.S.'s World Cup 4-1 victory over Paraguay on last Friday, is a United States citizen by birth, a constitutional right that President Donald Trump is seeking to end in his second term.

Balogun is the first U.S. men's player to score more than one goal in a World Cup match since the 1930 tournament.

Trump, who praised the USMNT's victory on Truth Social on Saturday, has also used the World Cup to highlight his immigration policies. The tournament has been marked by visa disputes, including the denial of entry to a Somali referee, Omar Abdulkadir Artan, while the ongoing war with Iran complicated visas and travel for Tehran's team, who are training in Mexico and commuting to matches in the U.S.



# US, Iran reach preliminary agreement to end war: signing set for Friday

Key points-

- Trump says deal includes reopening Strait of Hormuz
- MOU announced despite Israeli attack in Lebanon
- Iran's nuclear program to be subject of later talks
- Oil prices fall more than 4%, stocks advance



**Ajkal Desk**

US and Iranian officials said they had agreed on a framework to end their war, halt the US blockade of Iran and reopen the Strait of Hormuz, a preliminary pact that sent oil prices falling but leaves the fate of Iran's nuclear program to further negotiations.

"The Deal with the Islamic Republic of Iran is now complete," US President Donald Trump wrote on his Truth Social platform around 5:30 p.m. ET local time in Washington (2130 GMT) on Sunday. His post came shortly after Pakistani Prime Minister Shehbaz Sharif, whose country has served as a mediator, announced a deal had been struck early on Monday local time.

The memorandum of understanding is scheduled to be officially signed on Friday in Switzerland. The precise terms were not immediately known. Sharif said in a post on X that the pact called for "the immediate and permanent termination of military operations on all fronts, including in Lebanon."

Lebanon has been a sticking point in negotiations, with Israel and Hezbollah ignoring calls from Trump and others to stop their attacks on each other in recent weeks. In a statement, the secretariat of Iran's Supreme National Security Council said war and military operations on all fronts, including Lebanon, would end permanently starting on Monday night.

Iran's deputy foreign minister, Kazem Gharibabadi, said a more expansive agreement would be negotiated during a 60-day ceasefire period, including sanctions relief for Iran. The fate of Iran's nuclear program, another thorny issue, will also be addressed in those later talks, sources previously told Reuters.

There was no immediate reaction to the announcement from Israel, which has said it was not party to the US-Iran talks.

**STRAIT TO REOPEN**

Trump said the Strait of Hormuz, a major shipping route for global oil and gas supplies that Iran has effectively shut down for months, would open on Friday, and that he had ordered the end of the US blockade of Iranian ports. "Ships of the World, start your engines. Let the oil flow!" Trump wrote.

Oil prices fell on the news. Brent crude futures fell 4% in early trading on Monday, while US West Texas Intermediate slid more than 4.6%. Stock markets in Asia jumped.

Former Biden administration State Department spokesperson Matthew Miller said Trump had made important concessions to Iran to achieve the status quo that existed before he launched the war. "We have no assurances the nuclear program will ever be Continued on page 26




## Zohran Mamdani Pushes to Reshape NY Politics in Midterm

**Ajkal Desk**

New York City Mayor Zohran Mamdani's endorsements in three House races could boost the standing of the political left in the halls of Congress if his preferred candidates win their primaries later this month.

Mamdani's win in last year's mayoral race was a landmark victory for the left, as Mamdani is a member of the Democratic Socialists of America (DSA). Progressives are hoping to expand on that progress in the midterms in November, and these three congressional races present perhaps their best opportunities to elect more left-leaning members into the House. The races are also a key test of Mamdani's political capital roughly six months after he entered office in January. Victory for his candidates would indicate he is increasingly influential in New York politics—but losses for those candidates would be a warning sign for his popularity among New York voters. The trio of races will be Mamdani's "biggest test since his own election in November," Joseph Viteritti, the Thomas Hunter professor of public policy at Hunter College, told Newsweek on Friday. "It will measure not just the Continued on page 26




## Mamdani and Shahana Hanif for Brad Lander

**Ajkal Desk**

Brad Lander is not just an able candidate for the US House of Representatives. He is a necessary candidate. It is for this reason that The Nation enthusiastically endorses Lander's candidacy in the June 23 Democratic primary for New York City's 10th Congressional District.

There is a good chance that Democrats will retake the House in November. If they do, they will immediately be faced with the two-fold challenge of checking and balancing Donald Trump's chaos while presenting a bold vision for how the United States must address critical economic, social justice, environmental, and foreign policy issues.

To a dramatically greater extent than the Democrat he is taking on in the primary, two-term incumbent Dan Goldman, Lander is up to the challenge. Goldman represents the business-as-usual wing of a Democratic Party that has missed too many opportunities because of its refusal to break from a centrist status quo that is timid and timorous.

Lander is the opposite. He knows that this is a time for Democrats to nominate and elect fierce progressive champions who are willing to drain the swamp in Washington, and to upend the pervasive pay-to-play Continued on page 26

## Purnima praises Shakib Khan's transformation



**Ajkal Desk**

Popular Bangladeshi actress Purnima recently reunited with superstar Shakib Khan after many years at the Channel i premises in Dhaka. Despite heavy rainfall and waterlogging across the capital on Saturday afternoon, Shakib Khan arrived at Channel i for a series of special programmes. The television channel organised a warm reception for the actor, displaying posters and iconic looks from his films throughout the venue.

He was welcomed on a red carpet by Channel i Managing Director Faridur Reza Sagar, Director and Head of News Shykh Seraj, along with other senior officials.

